# পুরুলিয়া জিলা পরিষদের কার্যালয়
# পুরুলিয়া

## বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণকে জানান যাইতেছে যে, পুরুলিয়া জেলার অন্তর্গত বলরামপুর পঞ্চায়েত সমিতির অধীন বলরামপুর ল্যাক ওয়াশিং-কাম-ড্রেনেজ পুকুরটির প্রকাশ্য নীলাম (২০২৫-২৭) তিন বৎসরের মেয়াদে বন্দোবস্ত দেওয়া হইবে। নির্ধারিত সময়, স্থান ও শর্তাবলী নিম্নে দেওয়া হইল।

| বাঁধের নাম | সরকারী ডাক | নীলামের স্থান | সময় | তারিখ |
| --- | --- | --- | --- | --- |
| বলরামপুর ল্যাক ওয়াশিং -কাম-ড্রেনেজ | ১,২৯,৭৭৪/- (একলক্ষ উনত্রিশ হাজার সাতশত চুয়াত্তর) | পুরুলিয়া জিলা পরিষদ কার্যালয় | দুপুর ৩.০০ টা | ১১/০১/২৬ |

১। নীলামে অংশগ্রহণকারী ব্যক্তিগণ প্রত্যেককে নীলাম ডাকের পূর্বে পুকুরটির জন্য ১০,০০০.০০ (দশ হাজার) টাকা আমানত (Earnest Money) হিসাবে জমা দিতে হইবে। অন্যথায় নীলাম ডাকে অংশগ্রহণ করিতে দেওয়া হইবে না। ডাক শেষে উক্ত আমানত টাকা ফেরৎ দেওয়া হইবে। কিন্তু যদি সর্বোচ্চ নীলাম ডাককারী ব্যক্তি নীলামের শর্ত অনুযায়ী টাকা জমা দিতে অস্বীকার করে তবে তাহার আমানত বাজেয়াপ্ত করা হইবে এবং পুকুরটি পুনরায় নীলাম করা হইবে।

২। নীলামের অব্যবহিত পরে সর্বোচ্চ নীলাম ডাককারী ব্যক্তিকে ডাকের সর্বোচ্চ লীজ রেন্টের শতকরা ৭৫% (পঁচাত্তর শতাংশ) ডাক শেষ হইবা মাত্র তখনই সেই স্থানেই সেই দিনেই জমা দিতে হইবে এবং বাকী ২৫% (পঁচিশ শতাংশ) টাকা নীলাম ডাকের একমাসের মধ্যে জমা দিতে হইবে। অন্যথায়, সর্বোচ্চ নীলাম ডাককারীর ডাক বাতিল বলিয়া গণ্য হইবে এবং ডাকের সময় জমা দেওয়া সমস্ত টাকা বাজেয়াপ্ত করিয়া পুকুরটি পুনরায় নীলাম করা হইবে।

৩। ডাক অনুমোদন হইবার ১৫ দিনের মধ্যে নীলামে নির্বাচিস ডাককারী ব্যক্তিকে নিজ খরচায় অনুমোদিত চুক্তিপত্রে চুক্তি সম্পাদন করিতে হইবে।

৪। কর্তৃপক্ষ কোন কারণ না দর্শাইয়া নীলামের সর্বোচ্চ ডাক গ্রহণ বা বাতিল করিতে পারিবে।

৫। চুক্তিপত্রের শর্তাবলী মানিয়া লইবার জন্য ডাকের সময় অঙ্গীকারপত্রে স্বাক্ষর করিতে হইবে।

৬। কোন ইজারাদার যাহার নিকট লীজ রেন্টের টাকা বাকী আছে তিনি এই নীলামে অংশগ্রহণ করিতে পারিবেন না। যদি তিনি এই নীলামে অংশগ্রহণ করিতে ইচ্ছুক হন তাহা হইলে সমস্ত বকেয়া টাকা পরিশোধ দিয়া তিনি নীলামে অংশগ্রহণ করিতে পারিবেন।

**জেলা বাস্তুকার,**
**পুরুলিয়া জিলা পরিষদ**

১৪.৭.২৫



D:\Compseq_3\Partha Pr. C\Auction Notice of PZP\Balarampur Lac Washing-Cum-Drainage (2025-27).bwd

স্মারক সংখ্যা : ০৪.(১২)...../পি.জেড.পি. তারিখ : ০২.০১.২০২৬

অনুলিপি জ্ঞাতার্থে প্রেরিত হইল ঃ-

১। সহ-সভাধিপতি, পুরুলিয়া জিলা পরিষদ
২। সচিব, পুরুলিয়া জিলা পরিষদ
৩। মহকুমা শাসক, পুরুলিয়া সদর (পশ্চিম)
৪। সভাপতি, বলরামপুর পঞ্চায়েত সমিতি
৫। নির্বাহী আধিকারিক, বলরামপুর পঞ্চায়েত সমিতি
৬। প্রধান, বলরামপুর গ্রাম পঞ্চায়েত
৭। জেলা তথ্য বিশ্লেষক, পুরুলিয়া জিলা পরিষদকে অনুরোধ করা হল বিজ্ঞপ্তিটি পুরুলিয়া জিলা পরিষদের ওয়েবসাইটে প্রকাশ করা হল ।
৮। ভারপ্রাপ্ত আধিকারিক, বলরামপুর থানা
৯। প্রধান করণিক, পুরুলিয়া জিলা পরিষদ - নোটিশ বোর্ডে প্রচারের জন্য ।
১০। আপ্ত-সহায়ক, সভাধিপতি, পুরুলিয়া জিলা পরিষদ ।
১১। আপ্ত-সহায়ক, নির্বাহী আধিকারিক, পুরুলিয়া জিলা পরিষদ ।
১২। আপ্ত-সহায়ক, অতিরিক্ত নির্বাহী আধিকারিক, পুরুলিয়া জিলা পরিষদ

**জেলা বাস্তুকার,**
**পুরুলিয়া জিলা পরিষদ**

১৪|১|২৬



D:\Compseq_3\Partha Pr. C\Auction Notice of PZP\Balarampur Lac Washing-Cum-Drainage (2025-27).bwd